

উনুত্ত বিশ্ববিদ্যালয়ে বর্তমানে সাড়ে ৩ লাখ বর্ধিত মানুষ শিক্ষাগ্রহণের সুযোগ পাচ্ছে

-ভিসি প্রফেসর ডঃ এরশাদুল বারী

বুলনা ব্যুরো : বাংলাদেশ উনুত্ত বিশ্ববিদ্যালয়ের (বাউবি) ভিসি প্রফেসর ডঃ এরশাদুল বারী বলেছেন, নতুনমুক্ত পরিবেশে পরীক্ষা গ্রহণ ও মানসম্পন্ন উন্নত শিক্ষাব্যবস্থা প্রবর্তন করাই আমাদের আগামীদিনের অন্যতম লক্ষ্য। তিনি বলেন, বাউবির ২১টি আনুষ্ঠানিক শিক্ষা শ্রেণীর মাধ্যমে বর্তমান দেশের প্রায় সাড়ে তিন

লাখ বর্ধিত মানুষ শিক্ষাগ্রহণ করে নিজেদেরকে আলোকিত করার সুযোগ পাচ্ছে। এ শিক্ষাকে মানুষের দোরগোড়ায় পৌঁছে দেয়ার লক্ষ্যে সারাদেশে বাউবির ১২টি আঞ্চলিক কেন্দ্র, ৮০টি স্থানীয় কেন্দ্র এবং ৮৬টি টিউটোরিয়াল কেন্দ্র একযোগে কাজ করছে।

ভিসি পঠকাল (সোমবার) বুলনার রৌশনীবাগে বাউবির নবনির্মিত আঞ্চলিক কেন্দ্র ভবন-এর উদ্বোধনকালে প্রধান অতিথির বক্তব্য দানকালে একথা বলেন।

তিনি আশাবাদ ব্যক্ত করে বলেন, বুলনা অঞ্চলে শিক্ষা বিস্তারে এ ভবন আগামীতে উল্লেখযোগ্য ভূমিকা রাখবে। এ উপলক্ষে আরোজিত সভায় জানানো হয়, ১৯৯৯ সালে ভাড়া করা বাড়ী থেকে গতকাল প্রথম এই কেন্দ্রের কার্যক্রম শুরু হয়। শুরু থেকে এ পর্যন্ত এই কেন্দ্র থেকে বিভিন্ন শ্রেণীতে প্রায় ১৮ হাজার শিক্ষার্থী শিক্ষার সুযোগ গ্রহণ করেছে। দুই একর জমির উপর নির্মিত এই ভবন নির্মাণে ব্যয় হয়েছে প্রায় ৬৮ লাখ টাকা।

সভায় অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন, বুলনার জেলা প্রশাসক মোঃ রেজাউল ইসলাম, বাউবির পরিকল্পনা বিভাগের পরিচালক মশেহুর রহমান বান এবং রংপুর আঞ্চলিক কেন্দ্রের পরিচালক ম.ব.ম আব্দুদ্বাহ।